গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-২ শাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০২১.০৪.০৬৪.১৮- ২৫২

তারিখ : ১৭ বৈশাখ ১৪২৫ / ৩০ এপ্রিল ২০১৮

বিষয় : রিট পিটিশন নং-৪২৫৪/২০১৮ [পিটিশনার জনাব মোঃ গোলাম কিবরিয়া (তপন), পিতা- মৃত আলহাজ্ব মতিন, ৮৯/১, আর.কে. মিশন রোড, গোপীবাগ, ঢাকা-১২০৩] এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : সহকারী রেজিস্ট্রার কর্তৃক ০৪/০৪/২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগের ২৭/০৩/২০১৮ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার রাজস্ব জোন-১, যাত্রাবাড়ীর আওতাধীন ৮৯/১, আর.কে. মিশন রোড, গোপীবাগ, ঢাকা-১২০৩ ঠিকানার বাড়ীটিতে বিছিন্ন পানির লাইন পুনঃসংযোগ এবং আলাদা নামে সংযোগ প্রদান করার বিষয়ে জনাব মোঃ গোলাম কিবরিয়া (তপন) পিটিশনার হয়ে হাইকোর্ট বিভাগে ৪২৫৪/২০১৮ নং রিট পিটিশন দায়ের করেন। বিজ্ঞ আদালত শোকজ প্রদানপূর্বক জবাব প্রদানের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ হিসেবে নোটিশ প্রদান করেন। এছাড়া বর্ণিত বিষয়ে পিটিশনারের গত ১২/০২/২০১৮ তারিখের আবেদন আদেশ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে আইনানুগভাবে নিষ্পত্তি করার জন্য প্রতিপক্ষগণ'কে নির্দেশনা প্রদান করা হয়েছে। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকার পক্ষে ইংরেজীতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যক।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণকরতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ইংরেজীতে (Statement of Facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত ঃ রুলের কপি-১(এক) ফর্দ।

(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
ফোন: ৯৫৪০১৯৭
ই-মেইল: dslaw2.lgd.gov@gmail.com

রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-১, ঢাকা ওয়াসা
যাত্রাবাড়ী, ঢাকা

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কারওয়ান বাজার, ঢাকা;
২. উপসচিব (পাস-২), স্থানীয় সরকার বিভাগ;
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৫. অফিস কপি/মাষ্টার কপি